উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

## নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় ঃ ২৯-১১-২০২২খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যাতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার হাজিরা রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত ইউনিয়ন চেয়ারম্যান/কর্মকর্তাগণ এই সভাসহ গত দুই সভায় অনুমতি ব্যতীত অনুপস্থিত ছিলেন।<br>১) সহকারী পরিচালক (সিপিপি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>২) সেটেলমেন্ট অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৪) ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৫) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>পর পর তিন সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভুত করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৩/১২/২২ইং হতে সপ্তাহব্যপী করোনা টিকার বুস্টার ডোজ এর ক্যাম্পেইন শুরু হবে। সকলের সহযোগিতা কামনা করেন। সম্প্রতি ডেঙ্গু প্রকোপ বেড়ে যাওয়ায় সকলকে সতর্ক থাকার আহবান করেন। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিক চলমান আছে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ডেঙ্গু প্রতিরোধে নিয়মিত সচেতনতা মূলক কার্যক্রম এবং বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি ইঞ্চি জায়গা চাষাবাদের আওতায় আনার লক্ষে অত্র উপজেলায় চাষযোগ্য পতিত জমি আবাদের আওতায় আনার জন্য আলোচনা হয়। এ বিষয়ে ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>খ) প্রণোদনা কার্যক্রমে অত্র উপজেলায় ৬১০০ কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহ করা হবে। বোরো ধান চাষের জন্য মোট ২৪০০ কৃষকের মাঝে প্রণোদনা দেয়া হবে।<br>গ) কৃষি উপকরন সংরক্ষনাগার (শেড) নির্মানের লক্ষে উপজেলা কৃষক প্রশিক্ষন কেন্দ্র এর উত্তর পার্শে ১২০০ বর্গফুট জায়গা বরাদ্দ প্রদান করা হয়।<br>ঘ) ৪% হারে কৃষি ঋণ বিতরনের লক্ষ্যে কৃষক তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কমনা করা হয়। | প্রকৃত কৃষকদের মাঝে প্রণোদনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা কৃষি অফিসার।<br>খ) সকল ইউপি চেয়ারম্যন |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, NATP-2 প্রকল্পের আওতায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | NATP-2 প্রকল্পের আওতায় যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৭। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৯। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১লা নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা ধরা নিষিদ্ধ রয়েছে। এছাড়া সকল মাছের আরৎ, বরফকল ও মৎস্য খাদ্য বিক্রেতাদের লাইসেন্সের আওতায় আনা হচ্ছে। জেলে নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। প্রকৃত জেলেদের যারা আগে নিবন্ধন করেনি তারা অন্তভূক্ত হওয়ার জন্য বিধি অনুযায়ী কাগজপত্র সহ মৎস্য অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জাটকা ধরা কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত এবং মৎস্য আড়ত ও বরফ কলগুলোর লাইসেন্সের আওতায় আনার এবং প্রকৃত মৎস্যজীবীদেরকে তালিকায় অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা<br>খ) সকল ইউপি চেয়ারম্যান |
| ১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ |
| ১১। পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পর পর ৩টি সভায় উপস্থিত না থাকায় তার বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |
| ১২। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এসএসসি ২০২২ সনের পরীক্ষায় অত্র উপজেলা ১৮০জন জিপিএ ৫ পেয়েছে। ২০২৩ সালের বিনামূল্যে বিতরনের লক্ষ্যে কিছু কিছু বই পাওয়া যায়। এছাড়া নতুন কারিকুলাম ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলার সকল বিষয় বা শ্রেণী শিক্ষকগণের প্রশিক্ষন ডিসেম্বর/২২ এর ১৫ থেকে ৩১ এর মধ্যে সম্পন্ন করা হবে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যকম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৬। বন বিভাগ ঃ রেঞ্জ অফিসার সভায় উপস্থিত জানান, বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরষ্কার এর ১০টি শ্রেণীতে পুরষ্কার প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক আবেদন করার অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক এ সংক্রান্ত বিষয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ |
| ১৭। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৮। সহকারী প্রোগ্রামার ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে,<br>ক) আগামী ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আয়োজিত কুইজ প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে।<br>খ) জাইকা প্রকল্পের ৫ম অনলাইন এসেসমেন্ট এর কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন হয়েছে।<br>গ) শেখ রাসেল ল্যাব পরিদর্শন করে সকল রিপোর্ট প্রেরণ করা হয়েছে।<br>ঘ) এসআরডিএল ব্যবহার করে ব্যসিক আইসিটি ট্রেনিং প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | সহকারী প্রোগ্রামার |
| ১৯। উপজেলা খাদ্য অফিস ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন ২০২২-২৩ মৌসুমে ধান চাল সংগ্রহ সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, কৃষি কাজে ব্যবহারের জন্য ০৯টি নলকূপ স্থাপনের আবেদন সরেজিমন তদন্তক্রমে প্রতিবেদন দাখিল করা হয়েছে। আবেদনকারী ০৯জন | তদন্ত প্রতিবেদন অনুযায়ী কৃষি কাজে ব্যবহারের জন্য ০৯জন আবেদনকারী এর অনুকূলে নলকূপ স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |

| | | |
|---|---|---|
| কৃষকের অনুকূলে লাইসেন্স প্রদান করা যেতে পারে। | হয়। | |
| ২১। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২২। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদুৎ) সভায় জানায় যে, তার বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদুৎ) |
| ২৩। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৪। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, নভেম্বর/২২ মাসে ৫০জন সেবা গ্রহীতা নিয়ে একটি উঠান বৈঠক করার নির্দেশনা পাওয়া গিয়েছে। যা অতি দ্রুত সম্পন্ন করা হবে। এছাড়া প্রাথমিক স্বাস্থ্য সেবা, অনলাইন ভিত্তিক সেবা, ব্যবসা ও কৃষি বিষয়ক তথ্য সেবাসহ তথ্যকেন্দ্রের যাবতীয় কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৫। সেটেলমেন্ট বিভাগ : সহকারী সেটেলমেন্ট অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | | |
| ২৬। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলে আওতায় কাজ বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত তালিকা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতের কাজ চলিতেছে। এব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। | ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলে আওতায় কাজ বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত তালিকা অনুযায়ী দ্রুত প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>খ) উপজেলা নির্বাহী অফিসার<br>গ) উপজেলা প্রকৌশলী |
| ২৭। উপজেলা পরিষদ বিবিধ :<br>ক) চরফকিরা ও মুছাপুর ইউনিয়ন পরিষদের দফাদারের শূণ্যপদে সংশ্লিষ্ট ইউনিয়নের মহল্লাদার হতে পদোন্নতির মাধ্যমে নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>গ) উপজেলা পরিষদের জীপ গাড়িটি মেরামত সংক্রান্ত প্রাপ্ত বিল ভাউচার সমূহ অনুমোদনক্রমে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>ঘ) উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে গন্যমান্য ব্যক্তি ক্যাটাগরিতে জনাব মো: ইউনুছ, সাধারন সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালীকে এবং বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব ক্যাটাগরিতে জনাব মো: রাজিব খান, সদস্য সচিব, গাংচিল বাজার কমিটি এবং জনাব আলা উদ্দিন ভূইয়া, সদস্য সচিব, চৌধুরীহাট বাজার ব্যবস্থাপনা কমিটিকে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে মনোনয়নের আলোচনা করা হয়।<br>ঙ) ১৪২৫ হতে ১৪২৯ বাংলা সনের ইজারাকৃত হাটবাজার সমূহের ইজারা মূল্যের ১০% ও ১৫% অর্থ বিধি মোতাবেক ইউনিয়ন সমূহের মধ্যে বিতরনের জন্য আলোচনা করা হয়। | ক) চরফকিরা ও মুছাপুর ইউনিয়ন পরিষদের দফাদারের শূণ্যপদে সংশ্লিষ্ট ইউনিয়নের মহল্লাদার হতে পদোন্নতির মাধ্যমে নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদের জীপ গাড়িটি মেরামত সংক্রান্ত প্রাপ্ত বিল ভাউচার সমূহ অনুমোদনক্রমে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে গন্যমান্য ব্যক্তি ক্যাটাগরিতে জনাব মো: ইউনুছ, সাধারন সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালীকে এবং বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব ক্যাটাগরিতে জনাব মো: রাজিব খান, সদস্য সচিব, গাংচিল বাজার কমিটি এবং জনাব আলা উদ্দিন ভূইয়া, সদস্য সচিব, চৌধুরীহাট বাজার ব্যবস্থাপনা কমিটিকে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) ১৪২৫ হতে ১৪২৯ বাংলা সনের ইজারাকৃত হাটবাজার সমূহের ইজারা মূল্যের ১০% ও ১৫% অর্থ বিধি মোতাবেক ইউনিয়ন সমূহের মধ্যে বিতরনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২২- ২০০৯

তারিখ ঃ ১৪ ডিসেম্বর ২০২২

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

১৪/১২/২২


মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd